# অর্থনীতি বিভাগ

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর
Web: www.bbagc.edu.bd, E-mail: bbagceco@gmail.com
Cell: 01989455687 (9.00 AM to 5.00 PM)

Date : 08-08-2026

## মাস্টার্স শেষ বর্ষের টার্ম পেপার সংক্রান্ত বিজ্ঞপ্তি

অর্থনীতি বিভাগে অধ্যয়নরত মাস্টার্স শেষ বর্ষের (২০২৩-২৪) শিক্ষার্থীদের টার্ম পেপার সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রত্যেক শিক্ষার্থীকে একজন সুপারভাইজারের তত্ত্বাবধানে টার্ম পেপার প্রস্তুত করতে হবে। সংশ্লিষ্ট সুপারভাইজার শিক্ষার্থীদের মধ্যে টার্ম পেপার এর বিষয় নির্ধারণ করে দিবেন। শিক্ষার্থীদের শ্রেণি রোল ভিত্তিক নিম্নে বর্ণিত সুপারভাইজার এর সঙ্গে যোগাযোগ করার জন্য বলা হল।

| ক্রমিক নং | সুপারভাইজার এর নাম ও পদবি | শিক্ষাথীর শ্রেণি রোল নং |
|---|---|---|
| ০১ | জনাব শাহিনুর রহমান<br>সহযোগী অধ্যাপক | ০১, ০৬, ১১, ১৬, ২১, ২৬, ৩১, ৩৬, ৪১, ৪৬ = ১০ জন |
| ০২ | জনাব মোঃ এরশাদুল হক<br>সহযোগী অধ্যাপক | ০২, ০৭, ১২, ১৭, ২২, ২৭, ৩২, ৩৭, ৪২, ৪৭ = ১০ জন |
| ০৩ | জনাব মোঃ রবিউল আউয়াল<br>সহকারি অধ্যাপক | ০৩, ৮, ১৩, ১৮, ২৩, ২৮, ৩৩, ৩৮, ৪৩, ৪৮, ৫১ = ১১ জন |
| ০৪ | জনাব জান্নাতুন নাঈম<br>সহকারি অধ্যাপক | ০৪, ০৯, ১৪, ১৯, ২৪, ২৯, ৩৪, ৩৯, ৪৪, ৪৯, ৫২ = ১১ জন |
| ০৫ | জনাব মোঃ শাহ আলম<br>সহকারি অধ্যাপক | ০৫, ১০, ১৫, ২০, ২৫, ৩০, ৩৫, ৪০, ৪৫, ৫০,৫৩ = ১১ জন |

**<u>শিক্ষার্থীদের জন্য অনুসরণীয় নির্দেশাবলী</u>**

- প্রত্যেক শিক্ষাথীকে দুই (০২) কপি টার্ম পেপার জমা দিতে হবে।
- টার্ম পেপার A4 সাইজের কাগজের এক পৃষ্ঠায় স্বহস্তে লিখতে হবে।
- টার্ম পেপারে একটি Front Cover Page ও Inside Cover Page থাকবে। Cover Page এ বিষয়ের শিরোনাম, শিক্ষাথীর নাম, রেজিঃ নং, সুপারভাইজার এর নাম পদবি ও তারিখ থাকবে।
- টার্ম পেপারের যথাস্থানে সুপারভাইজারের ঘোষণা-পত্র, সার-সংক্ষেপ, সূচিপত্র, ২০ - ২৫ পাতার একটি পূর্ণ বিবরণ, গ্রন্থপঞ্জী ইত্যাদি থাকতে হবে।
- টার্ম পেপার প্রস্তুতের ক্ষেত্রে বিভাগ কর্তৃক নিধারিত কাঠামো অনুসরণ করতে হবে।
- ***আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সুপারভাইজার এর নিকট টার্ম পেপার জমা দিতে হবে।***
- প্রত্যেক শিক্ষাথীকে তাঁর টার্ম পেপার এর জন্য বিভাগ কর্তৃক নিধারিত তারিখে ৫ মিনিটের presentation দিতে হবে।

প্রতিস্বাক্ষর

04.8.26
(প্রফেসর ছানোয়ারা সুলতানা)

অধ্যক্ষ

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর।

Shahi
04-08-2026

**বিভাগীয় প্রধান**

**অর্থনীতি বিভাগ**

**ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর।**

## টার্ম পেপারের সাধারণ কাঠামো

(ক) প্রারম্ভিক পর্ব / প্রথম অংশ

- (১) শিরোনাম পৃষ্ঠা
- (২) আবেদনপত্র
- (৩) অনুমোদন পৃষ্ঠা
- (৪) কৃতজ্ঞতা স্বীকার
- (৫) সার সংক্ষেপ
- (৬) সূচীপত্র
- (৭) সারণী তালিকা
- (৮) চিত্র তালিকা (যদি থাকে)

(খ) মধ্যভাগ / মূল পর্ব

- (১) ভূমিকা
  - (i) সূচনা
  - (ii) সমস্যার বিবরণ
  - (iii) টার্ম পেপারের উদ্দেশ্য
  - (iv) ব্যবহৃত শব্দের সংজ্ঞা
  - (v) উপাত্তের উৎস
  - (vi) সীমাবদ্ধতা
- (২) মুল প্রতিবেদন
  - (i) আনুসঙ্গিক পর্যালোচনা
  - (ii) সংশ্লিষ্ট সমস্যা বিশ্লেষণ
  - (iii) উপাত্ত বিশ্লেষণ (সারণী ও চিত্র)
  - (iv) আলোচনা ও ব্যাখ্যা
  - (v) উপসংহার ও সুপারিশ

(গ) প্রাসঙ্গিক পর্ব / প্রাসঙ্গিক তথ্যাবলী

- (১) গ্রন্থপঞ্জী বা তথ্যপঞ্জী
- (২) পরিশিষ্ট

# টার্ম পেপারের শিরোনাম পৃষ্ঠার নমুনা

বাংলাদেশের কৃষি উৎপাদন সম্পর্ক খামার আয়তন
এবং আধুনিক কৃষি প্রযুক্তি বিশ্লেষণ

টি. এম. মোজাহিদুল ইসলাম
রেজিস্ট্রেশন নং...........
শিক্ষাবর্ষঃ২০১৮-২০১৯

২০১৯ সালের মাস্টার্স শেষ বর্ষের ৩১২২১৮ পত্র কোডের জন্য প্রদত্ত

তত্ত্বাবধায়ক এর নাম ও পদবিঃশাহিনুর রহমান
সহকারী অধ্যাপক
অর্থনীতি বিভাগ

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর।
অর্থনীতি বিভাগ
এপ্রিল, ২০২১

## টার্ম পেপারের আবেদন পত্রের নমুনা

এপ্রিল ২০২১

শাহিনুর রহমান

তত্ত্বাবধায়ক

ও

সহকারী অধ্যাপক, অর্থনীতি বিভাগ

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ

গাজীপুর - ১৭০২

বিষয়ঃ- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৯ সালের এম.এস.এস. পরীক্ষার ৩১২২১৮ পত্র কোডের জন্য লিখিত টার্ম পেপার জমা ও অনুমোদন প্রসঙ্গে।

মহোদয়,

আপনার সদয় অনুমোদনের জন্য "বাংলাদেশের বেকারত্বের ধরণ ও পরিমাপ এবং কর্মসংস্থানে অগ্রগতি বিশ্লেষণ" শীর্ষক টার্ম পেপারটি পেশ করছি। টার্ম পেপারটি প্রস্তুতের জন্য আপনার নির্দেশনা ও পরামর্শ যথাযথভাবে অনুসরণ করেছি। টার্ম পেপার কার্যক্রম আমার কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশের উন্নয়নের গতিধারা অনুধাবনে টার্ম পেপারের বিষয়বস্তু বিশ্লেষণ করতে গিয়ে ব্যাপক জ্ঞান অর্জনের সুযোগ লাভ করেছি। টার্ম পেপারের বিষয়বস্তুর সমর্থনে নতুন বিশ্লেষণ এবং অতীতের গবেষণার পর্যালোচনা করা হয়েছে। টার্ম পেপারটি পাঠ করে বাংলাদেশের বেকারত্বের বিভিন্ন দিক সম্পর্কে ধারনা করা যাবে। কাজেই আশা করা যায় টার্ম পেপারটি বাংলাদেশের অর্থনীতি বিষয়ে আগ্রহীদের জন্য উপযোগী হবে।

আপনার অনুগত,

(টি. এম. মোজাহিদুল ইসলাম)

রেজিঃ নং -

এম.এস.এস. - ২০১৯

অর্থনীতি বিভাগ

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ

গাজীপুর - ১৭০২

**টার্ম পেপারের অনুমোদন পৃষ্ঠার নমুনা**

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর

অর্থনীতি বিভাগ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৯ সালের এম. এস. এস. পরীক্ষার ৩১২২১৮ পত্র কোডের পরিপূর্ণতার জন্য "বাংলাদেশের বেকারত্বের ধরণ ও পরিমাপ এবং কর্মসংস্থানে অগ্রগতি বিশ্লেষণ" শীর্ষক টার্ম পেপারটি টি. এম. মোজাহিদুল ইসলাম, রেজিঃ নং- ..... কর্তৃক প্রস্তুত করা হয়েছে। এই টার্ম পেপারটি পরীক্ষা করা হল এবং টার্ম পেপারটির স্বীকৃতি ও অনুমোদনের জন্য টার্ম পেপার মূল্যায়ন কমিটির নিকট পেশ করা হল।

(শাহিনুর রহমান)
তত্ত্বাবধায়ক
ও
সহকারী অধ্যাপক, অর্থনীতি।
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।

---

টার্ম পেপার মূল্যায়ন কমিটি

টি. এম. মোজাহিদুল ইসলাম, রেজিঃ নং- ............ কর্তৃক প্রস্তুতকৃত টার্ম পেপারটি মূল্যায়ন করা হল এবং পরবর্তী কার্যক্রমের জন্য বিভাগীয় প্রধানের নিকট সুপারিশসহ প্রেরণ করা হল।

সদস্য, মূল্যায়ন কমিটি

সদস্য, মূল্যায়ন কমিটি

---

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৯ সালের এম. এস. এস. পরীক্ষার ৩১২২১৮ পত্র কোডের জন্য টি. এম. মোজাহিদুল ইসলাম, রেজিঃ নং- ............ কর্তৃক প্রস্তুতকৃত টার্ম পেপারটি স্বীকৃতি ও অনুমোদন দেয়া হল।

(অধ্যাপক শাহনাজ ফেরদৌস)
বিভাগীয় প্রধান
অর্থনীতি বিভাগ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।

**টার্ম পেপারের কৃতজ্ঞতা স্বীকার পত্রের নমুনা**

কৃতজ্ঞতা স্বীকারপত্র

এই টার্ম পেপার রচনায় সহায়তা পেয়ে আমি অনেকের কাছে কৃতজ্ঞতাপাশে আবদ্ধ হয়েছি। প্রথম পর্যায়ের পরিকল্পনা এবং বিষয়বস্তুর বিশ্লেষণের প্রাথমিক খসড়ার ওপর নির্দেশনামূলক মতামত প্রদান করেছেন টার্ম পেপারের তত্ত্বাবধায়ক জনাব শাহিনুর রহমান।

"বাংলাদেশের অর্থনীতি ও উন্নয়ন - স্বাধীনতার পর ৪০ বছর" শীর্ষক গ্রন্থের রচয়িতা ড. রুশিদান ইসলাম রহমান এর প্রতি বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করছি। বিশ্লেষণধর্মী এই গ্রন্থটি টার্ম পেপারের বিষয়বস্তুর বিভিন্ন দিক সম্পর্কে ধারনা লাভ করতে সহায়ক হয়েছে

আমার সহপাঠী .................. এবং ................ টার্ম পেপারের বিষয়বস্তু বিশ্লেষণের যুক্তিকে পরিশীলিত করতে উৎসাহের সাথে সাহায্য করেছেন।

পরিবারের সদস্যদের আন্তরিক সহযোগিতা ছাড়া এ রকম দৈর্ঘ্যের টার্ম পেপার রচনা সম্ভব নয়। সেটা অনেকটা আমরা যেমন বাতাসের মধ্যে বাস করি অথচ সেটা উল্লেখ করি না সে রকম।

এই টার্ম পেপার বাংলাদেশের অর্থনীতি বিষয়ে আগ্রহীদের কাজে লাগলে আমার পরিশ্রম সার্থক মনে করবো।